দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ৪০/২০২৬

তারিখ: ২৯/০৬/২০২৬ খ্রি.

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## আমদানি ও রপ্তানি বি/ই এর বিপরীতে কল্যাণ তহবিল ফি পুনর্নির্ধারণ প্রসঙ্গে

এসোসিয়েশনের সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে, সদস্য ও তাঁদের পরিবারের দুঃসময়ে আর্থিক কল্যাণার্থে ২৮/০৬/২০২৬ খ্রি. তারিখ অনুষ্ঠিত কার্যনির্বাহী পরিষদের ১৭তম সভায় মরণোত্তর অনুদানের পরিমাণ ৬,০০,০০০/- (ছয় লক্ষ টাকা) হতে বৃদ্ধি করে ৮,০০,০০০/- (আট লক্ষ টাকা) করার সুপারিশ গৃহীত হয়। এ প্রেক্ষিতে সভায় আমদানি ও রপ্তানি বি/ই এর বিপরীতে কল্যাণ তহবিল ফি বৃদ্ধি করে নিম্নোক্ত হারে পুনর্নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়, যা আগামী ০১/০৭/২০২৬ খ্রি. তারিখ হতে কার্যকর হবে।

**আমদানি বি/ই প্রতি: ১৫০/- (একশত পঞ্চাশ টাকা)**

**রপ্তানি বি/ই প্রতি: ১২৫/- (একশত পঁচিশ টাকা)**

এমতাবস্থায়, **আগামী ০১/০৭/২০২৬ খ্রি. তারিখ হতে আমদানি ও রপ্তানি বি/ই এর বিপরীতে উল্লিখিত হারে কল্যাণ তহবিল ফি** পরিশোধ করার জন্য সম্মানিত সদস্যদের অনুরোধ করা যাচ্ছে।

২৯/৬/২৬

মোঃ শওকত আলী
সাধারণ সম্পাদক